

ত্রিপুরা সরকার  
তপশীলি জাতি ও অন্যান্য পচাদপদ শ্রেণী কল্যাণ দপ্তর,  
ধর্মীয় সংখ্যালঘু কল্যাণ দপ্তর, আগরতলা  
ডঃ বি. আর. আহমেদকর/ মৌলানা আবুল কালাম আজাদ স্মৃতি পুরস্কারের জন্য আবেদন সংক্রান্ত

### বিজ্ঞপ্তি

তপশীলি জাতি ও অন্যান্য পচাদপদ শ্রেণী ভুক্ত ত্রিপুরায় স্থায়ী ভাবে বসবাসকারি যে সকল মেধাবী ছাত্র/ছাত্রী ২০০৮ ইং সনে কোন স্বীকৃত বিদ্যালয় হইতে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কম পক্ষে মোট ৬০ শতাংশ নম্বর পাইয়া ( সকল বিষয়ে অবশ্যই পাশ করিতে হইবে ) ১ম বিভাগে উত্তীর্ণ হইয়াছে তাহাদিগকে তপশীলি জাতি ও অন্যান্য পচাদপদ শ্রেণী কল্যাণ দপ্তর হইতে ডঃ বি. আর. আহমেদকর স্মৃতি পুরস্কার নগদে প্রদান করা হইবে। তাছাড়া ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায় ভুক্ত ত্রিপুরায় স্থায়ী ভাবে বসবাসকারী যে সকল মেধাবী ছাত্র/ছাত্রী ২০০৮ ইং সনে কোন স্বীকৃত বিদ্যালয় হইতে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কম পক্ষে মোট ৬০ শতাংশ নম্বর পাইয়া ( সকল বিষয়ে অবশ্যই পাশ করিতে হইবে ) ১ম বিভাগে উত্তীর্ণ হইয়াছে তাহাদিগকে ধর্মীয় সংখ্যালঘু কল্যাণ দপ্তর হইতে মৌলানা আবুল কালাম আজাদ স্মৃতি পুরস্কার নগদে প্রদান করা হইবে। কেবল মাত্র নিম্নে বর্ণিত শ্রেণী ভুক্ত তপশীলি জাতি, অন্যান্য পচাদপদ শ্রেণী ও ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায় ভুক্ত ছাত্র/ছাত্রীরা নিম্ন হারে পুরস্কার পাওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইবে।

ক) যাহারা মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১ম বিভাগে উত্তীর্ণ হইয়াছে প্রত্যেককে ১,৫০০/- টাকা হারে।

২) উক্ত প্রকল্পে পুরস্কার পাওয়ার যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীগণকে জানানো যাইতেছে যে, তাহারা যেন নিম্নলিখিত পদ্ধতিতে স্ব স্ব বিদ্যালয় প্রধান গণের নিকট আগামী ৩১/৭/২০০৮ ইং তারিখের মধ্যে জমা দেয়।

ক) ছাত্র/ছাত্রীর নাম :-

খ) পিতার নাম :-

গ) বিদ্যালয়ের নাম :-

ঘ) স্থায়ী/বর্তমান ঠিকানা :-

ঙ) পরীক্ষায় প্রাপ্ত নম্বরের বিবরণ :-  
( মার্কসিটের প্রত্যয়িত নকল দিতে হইবে )

চ) তপশীলি জাতি/ও.বি.সি.র/ধর্মীয় সংখ্যালঘুর কোন সম্প্রদায়ভুক্ত :-  
( প্রমাণ পত্রের প্রত্যয়িত নকল দিতে হইবে )

৩। সমস্ত হাই/হাইয়ার সেকেন্ডারী স্কুলের প্রধান শিক্ষক/শিক্ষিকাগণকে (আগরতলা পৌর এলাকা ব্যতিত) অনুরোধ করা যাইতেছে যে, তাহারা যেন যোগ্যতাসম্পন্ন ছাত্র/ছাত্রীদের দরখাস্ত সহ নামের তালিকা তাহাদের সুপারিশ সহকারে স্ব স্ব এলাকার বি. ডি. ও মহোদয়ের নিকট আগামী ১৬/৮/২০০৮ ইং তারিখের মধ্যে প্রেরণ করেন।

৪। আগরতলা পৌর এলাকাস্থিত বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষক/শিক্ষিকাগণকে অনুরোধ করা যাইতেছে যে, তাহারা যেন যোগ্যতাসম্পন্ন ছাত্র/ছাত্রীদের দরখাস্ত সহ নামের তালিকা নিম্ন স্বাক্ষরকারীর অফিসে আগামী ১৬/৮/২০০৮ ইং তারিখের মধ্যে প্রেরণ করেন।

৫। সমস্ত বি. ডি. ও মহোদয়গণ দরখাস্ত সহ নামের তালিকা ( এস. সি./ ও. বি. সি. ও ধর্মীয় সংখ্যালঘু পৃথক পৃথক ভাবে ) নিম্ন স্বাক্ষরকারীর অফিসে আগামী ৩১/৮/২০০৮ ইং তারিখের মধ্যে তদন্ত ক্রমে প্রেরণ করিবেন।

৬। মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১ম বিভাগে উত্তীর্ণ তপশীলি জাতি/ও.বি.সি.র/ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ভুক্তসমস্ত ছাত্র/ছাত্রীগণকে আগরতলায় একটি অনুষ্ঠানে উক্ত পুরস্কার বিতরণ করা হইবে এবং ঐ অনুষ্ঠানের তারিখ ও সময় বিজ্ঞপ্তি মারফৎ জানাইয়া দেওয়া হইবে।

স্বাক্ষর  
অধিকর্তা

তপশীলি জাতি, অন্যান্য পচাদপদ শ্রেণী কল্যাণ দপ্তর,  
ধর্মীয় সংখ্যালঘু কল্যাণ দপ্তর, আগরতলা

